



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Honours 2nd Semester Examination, 2023

**CC3-BENGALI**

**NEW SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

**বিভাগ-ক**

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) 'হুতোম প্যাঁচা'র প্রকৃত নাম কী? প্রকাশকালসহ তাঁর দু'টি গদ্যগ্রন্থের নাম লেখো।
- (খ) কাদের প্রচেষ্টায়, কত সালে কলকাতায় মুদ্রণযন্ত্র প্রতিষ্ঠিত হয়? এখান থেকে মুদ্রিত প্রথম বাংলা গ্রন্থের নাম লেখো।
- (গ) বাংলা সাহিত্যে 'দেহবাদী' এবং 'বিদ্রোহী' কবি হিসেবে পরিচিত কবিদ্বয়ের নাম উল্লেখ করে তাঁদের দু'টি করে কাব্যগ্রন্থের নাম লেখো।
- (ঘ) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম উল্লেখ করো —  
শর্মিষ্ঠা, জমিদার দর্পণ, কালিন্দী, গোরা, জনা।
- (ঙ) বাংলা ভাষায় প্রকাশিত প্রথম সাময়িক পত্রটির নাম, সম্পাদক ও প্রকাশকাল লেখো।
- (চ) প্রকাশকালসহ নবীনচন্দ্র সেনের 'ত্রয়ী' মহাকাব্যের নাম লেখো।

**বিভাগ-খ**

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) বাংলা গদ্যচর্চার ইতিহাসে শ্রীরামপুর মিশনের অবদান আলোচনা করো।
- (খ) বাংলা কাব্য কবিতার ইতিহাসে নজরুল ইসলাম কী নতুন সুর এনেছিলেন? তা তাঁর কবিতা অবলম্বনে সংক্ষিপ্ত আলোচনা করো।
- (গ) বাংলা পৌরাণিক নাট্যধারায় গিরীশচন্দ্র ঘোষের অবদান সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা করো।
- (ঘ) যে-কোনো **দুটি** টীকা লেখো:  
সংবাদ প্রভাকর, ভারতী, শনিবারের চিঠি।
- (ঙ) বাংলা উপন্যাসে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান সংক্ষেপে লেখো।
- (চ) বাংলা ছোটগল্পের ধারায় রবীন্দ্রনাথের 'হিতবাদী' পর্বের ছোটগল্পগুলির পরিচয় দাও।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২×২ = ২৪

- (ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে রামমোহন রায়ের অবদান লেখো।
- (খ) কে, কাকে ‘ভোরের পাখি’ অভিধায় ভূষিত করেন? বাংলা কাব্য-কবিতার ইতিহাসে এই ‘ভোরের পাখি’র অবদান লিপিবদ্ধ করো।
- (গ) বাংলা নাটকে মধুসূদন দত্তের অবদান পর্যালোচনা করো।
- (ঘ) বাংলা উপন্যাসের ক্ষেত্রে উনিশ শতককে কেন ‘বঙ্কিমের যুগ’ বলা হয়? তাঁর উপন্যাসগুলির বিষয় বৈচিত্র্য আলোচনা করে তাঁকে এই প্রশংসার শিরোপা দেওয়া যায় কিনা আলোচনা করো।

—x—